

১.৬ গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের সময়সূচি ৪

১.৬.১ অনুবেদনাধীন কর্মকর্তাকে গোপনীয় অনুবেদন ফরমে তাহার জন্য নির্ধারিত ১ম ও ২য় অংশ যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করিয়া অনুমোদিত স্বাস্থ্য কর্মকর্তার মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষান্তে প্রতিবৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের গোপনীয় অনুবেদন আবশ্যিকভাবে অগ্রগামী পত্রসহ অনুবেদনকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে। অগ্রগামী পত্রের অনুলিপি প্রতিস্বাক্ষরকারী এবং ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে।

১.৬.২ অনুবেদনকারী কর্তৃপক্ষকে গোপনীয় অনুবেদন ফরমে তাহার জন্য নির্ধারিত ৩য় হইতে ৬ষ্ঠ অংশ পর্যন্ত যথাযথভাবে অনুস্বাক্ষর, পূরণ ও স্বাক্ষরপূর্বক ২৮ ফেব্রুয়ারির মধ্যে সীলগালাকৃত খামে 'গোপনীয়' শব্দটি লিখিয়া অগ্রগামী পত্রসহ প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে। অগ্রগামী পত্রের অনুলিপি অনুবেদনাধীন কর্মকর্তাসহ ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে। তবে শর্ত থাকে যে, যেই সকল ক্ষেত্রে প্রতিস্বাক্ষরের প্রয়োজন নাই, সেই সকল ক্ষেত্রে সরাসরি ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট গোপনীয় অনুবেদন প্রেরণ করিতে হইবে।

১.৬.৩ প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষকে তাহার জন্য নির্ধারিত ৭ম অংশ যথাযথভাবে পূরণ ও স্বাক্ষরপূর্বক ৩১ মার্চের মধ্যে সীলগালাকৃত খামে 'গোপনীয়' শব্দটি লিখিয়া অগ্রগামী পত্রসহ ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে। অগ্রগামী পত্রের অনুলিপি অনুবেদনাধীন কর্মকর্তা ও অনুবেদনকারীর নিকট প্রেরণ করিতে হইবে।

১.৬.৪ আংশিক গোপনীয় অনুবেদন প্রযোজ্য হওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট পঞ্জিকা বৎসরের যে কোন সময় তাহা দাখিল করা যাইবে। তবে তাহা বার্ষিক গোপনীয় অনুবেদনের জন্য নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই দাখিল করিতে হইবে।

১.৬.৫ বিশেষ গোপনীয় অনুবেদন দাখিলের ক্ষেত্রে নির্দেশ প্রাপ্তির তারিখ হইতে ০৭ (সাত) দিনের মধ্যে অনুবেদনাধীন কর্মকর্তাকে গোপনীয় অনুবেদন দাখিল করিতে হইবে। দাখিলের তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে অনুবেদনকারী কর্তৃপক্ষ অনুস্বাক্ষরপূর্বক প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ বরাবর তাহা প্রেরণ করিবেন এবং প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ প্রাপ্তির তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে তাহা প্রতিস্বাক্ষরপূর্বক ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন। এই ক্ষেত্রে অনুবেদনাধীন কর্মকর্তা, অনুবেদনকারী এবং প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ প্রত্যেকেই অগ্রগামী পত্রসহ সীলগালাকৃত খামে 'গোপনীয়' শব্দটি লিখিয়া বিশেষ গোপনীয় অনুবেদন প্রেরণ করিবেন।